(119)

33

**১৯৬১ সালের ৯ই সেপ্টেম্বর (শনিবার) ত্রিপুরা গেজেটে প্রকাশিত বন বিভাগের ১৯৬১ সালের ২৯শে আগষ্ট তারিখের ১৩২৪৭/১৮-৪/১২/৬১নং বিজ্ঞপ্তির বাংলা অনুবাদ :—**

1·45 [illegible]

১৯২৭ সালের ভারতীয় বন আইন, ( ১৯২৭ এর ১৬নং আইন ) এর ২০নং ধারার সহিত পঠিত ভারত সরকারের ভূতপূর্ব্ব রাজ্য মন্ত্রণালয়ের ১৯৫০ সালের ২৪শে আগষ্ট তারিখের পরিবর্ত্তীত ১০৪-জে নং বিজ্ঞপ্তির ক্ষমতাবলে ত্রিপুরার চীফ কমিশনার , মহোদয় খোয়াই মহকুমায় অবস্থিত ৩·৫ বর্গ মাইল পরিমিত বনভূমিকে ইং ১০।১০।৬১ তারিখ হইতে সংরক্ষিত বন (Reserved Forest) রূপে ঘোষণা করিয়া ইহাকে "রামচন্দ্র ঘাট সংরক্ষিত বন" (Ram Chandra Ghat Reserved Forest) বলিয়া নামকরণ করিয়াছেন ;

এই সংরক্ষিত বন ভূমির চৌহদ্দির বর্ণনা নিম্নে প্রদত্ত হইল :—

উত্তর :— খোয়াই কালাছড়া রাস্তার ১৩ মাইল হইতে সীমানা রেখাটি আরম্ভ হইয়া লালটীলা কলোনীর ফুটপাত ( পায়ে হাটা পথ ) ধরিয়া ঐ কলোনীর নিকটস্থ হাতীমারা ছড়া ও মিটিংগা ছড়ার সংযোগ স্থল পর্য্যন্ত গিয়াছে।

পূর্ব্ব :— মিটিংগা ছড়া বরাবর উহার উৎস পর্য্যন্ত গিয়া সীমানা রেখাটি পূর্ব্বদিকে যথা সম্ভব আবাদী জমি বাদ দিয়া হাতাই বাড়ীতে গিয়াছে।

দক্ষিণ :— হাতাই বাড়ী হইতে সীমানা রেখাটি আরম্ভ হইয়া দক্ষিণদিকে যথা সম্ভব আবাদী জমি বাদ দিয়া খোয়াই কালাছড়ার রাস্তায় ১১ মাইল পোষ্টে আসিয়া মিলিত হইয়াছে।

পশ্চিম :— খোয়াই কালাছড়া রাস্তার ১১ মাইল পোষ্ট হইতে ঐ রাস্তা ধরিয়া সীমানা রেখাটি লালটীলা কলোনীর ফুট পাতে ( পায়ে হাটা পথ ) আসিয়া মিলিত হইয়াছে।

চীফ, কমিশনার মহোদয়ের অনুমত্যানুসারে
**আর, কে, দেববর্ম্মা**
সেক্রেটারী।

১৯২৭ সালের ভারতীয় বন আইনের (১৯২৭ এর ১৬নং আইন) ২১নং ধারার ক্ষমতাবলে বাংলা অনুবাদ প্রচারিত হইল।

**এন, সি, ভট্টাচার্য্য,**
ডিভিসন্যাল ফরেষ্ট অফিসার, ত্রিপুরা।

TAPA—29-9-61—250